



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/আরপি/ডিপি-২০২৪/২৪০৬

তারিখ: ২৮/০৭/২০২৪

জনাব মো: মাইদুল ইসলাম

আইডি # ২৬৮৪

উপজেলা অফিসার

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

সাদুল্লাপুর উপজেলা, গাইবান্ধা।

(সাবেক কর্মস্থল: ক্লাস্টার ফ্যাসিলিটিটর, ২নং পাকেরহাট ক্লাস্টার, এসআইপিপি-২ প্রকল্প, দিনাজপুর।)

বিষয়: এসডিএফ-এর সিপিএসপি কর্মসূচী-এর উপজেলা অফিসার পদের চাকরির চুক্তির মেয়াদ অবসান এবং তসরুফকৃত অর্থ জমাকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) পত্র স্মারক নং- এসডিএফ/আরআর/প্রশাসন/২০২৪/৭৯৯, তারিখ: ১৭/০৪/২০২৪

যেহেতু, আপনি জনাব মো: মাইদুল ইসলাম এসআইপিপি-২ প্রকল্পের অধীন দিনাজপুর জেলার ২নং পাকেরহাট ক্লাস্টারে ক্লাস্টার ফ্যাসিলিটিটর হিসেবে বিগত ২৯/০২/২০১২ থেকে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে ডেপুটি প্রক্সিয়ার উপজেলা অফিসার হিসেবে বিগত ০১/০৮/২০২১ তারিখে রংপুর অঞ্চলাধীন গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলায় যোগদান করেন;

যেহেতু, আপনার পূর্বের কর্মস্থলের দায়িত্বাধীন দক্ষিণ বালাপাড়া নূতন জীবন গরু মোটাতাজাকরণ সমবায় সমিতি লিমিটেড-এর ব্যাংক হিসাবের চেক বই এর একটি পাতা অনৈতিকভাবে ব্যবহার করে (চেক নম্বর: ১৮২০০২৮১৩৩১৮) জনাব মো: আইনুল হক এর ব্যবহৃত ব্যাংক হিসাব নম্বর: ০২১৪৭০১০২৭৩৬২-এ (সোনালী ব্যাংক লি., গাজীপুর শাখা) বিগত ২২/১১/২০২৩ তারিখে ২,৮১,৩০০/- (দুই লক্ষ একাশি হাজার তিনশত মাত্র) টাকা অনৈতিকভাবে স্থানান্তরিত হয়েছে। তদন্ত প্রতিবেদন অনুযায়ী ও আপনার লিখিত বক্তব্য অনুযায়ী উক্ত জনাব মো: আইনুল হক আপনার আপন বোনের ছেলে (ভাগিনা);

যেহেতু, জনাব মো: আইনুল হক আপনার ভাগিনা কোন সময় এসডিএফ-এ কর্মকর্তা/কর্মচারী হিসেবে কর্মরত ছিলেন না;

যেহেতু, আপনি উদ্দেশ্যমূলকভাবে আপনার পূর্বের কর্মস্থলের সহকর্মী ক্লাস্টার ফ্যাসিলিটিটর জনাব মো: মোজাহারুল আনোয়ার এর জাতীয় পরিচয় পত্র ব্যবহার করে আপনার ভাগিনার ব্যাংক হিসাবের মাধ্যমে অনৈতিকভাবে স্থানান্তরিত গ্রাম সমিতির ২,৭০,০০০/- টাকা উত্তোলন করেছেন, যা গুরুতর শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, তদন্ত কমিটির নিকট দাখিলকৃত আপনার লিখিত বক্তব্য অনুযায়ী অর্থ তসরুফের ঘটনা আপনার ভাগিনা আপনার সহযোগিতার মাধ্যমে সম্পাদন করেছে এবং তার সমাধান করার দায়িত্ব আপনি নিয়েছেন। এর ফলশ্রুতিতে বিগত ১৮/০৪/২০২৪ তারিখে উল্লিখিত ব্যাংক হিসাবে ১০,০০০/- টাকা জমা প্রদান করেছেন ও পরবর্তীতে বিগত ০৭/০৫/২০২৪ তারিখে ১০,০০০/- টাকা এবং ১৪/০৭/২০২৪ তারিখে ৪০,০০০/- টাকা অর্থাৎ সর্বমোট ৬০,০০০/- টাকা উল্লিখিত ব্যাংক হিসাবে জমা প্রদান করেছেন।


যেহেতু, আপনি সুপারিকল্পিতভাবে আপনার ভাগিনা মো: আইনুল হক-এর মাধ্যমে দক্ষিণ বালাপাড়া নূতন জীবন গরু মোটাতাজাকরণ সমবায় সমিতি লিমিটেড-এর চেক বইয়ের পাতা অনৈতিকভাবে ব্যবহার করে ২,৮১,৩০০/- টাকা তসরুফ করেছেন এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার সত্যতা প্রমাণিত হয়েছে;

যেহেতু, বার্ষিক কর্মমূল্যায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপনার চাকরির চুক্তির মেয়াদ বর্ধিত না করার সুপারিশ করেছেন;

১৮৫

যেহেতু, আপনার এরূপ অর্থ আত্মসাৎ, 'কম' নীতিমালা লঙ্ঘন, অসততা, সংস্থার ভাবমূর্তিক্ষুন্ন করা ইত্যাদি বিধি বহির্ভূত কর্মকাণ্ডসমূহ এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক মারাত্মক অসদাচরণের সামিল এবং উল্লিখিত Manual অনুযায়ী বরখাস্তকরণসহ অন্যান্য শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উল্লিখিত আর্থিক অনিয়মসহ গুরুতর অপরাধের কারণে এসডিএফ-এ আপনার চাকরির চুক্তির মেয়াদ বর্ধিতকরণ সমীচীন নয়। সিপিএসপি কর্মসূচীর আওতায় উপজেলা অফিসার পদে আপনার চাকরির চুক্তির মেয়াদ আগামী ৩১/০৭/২০২৪ তারিখে শেষ হবে। সে মোতাবেক আগামী ০১/০৮/২০২৪ তারিখ থেকে আপনার চাকরির চুক্তির মেয়াদ অবসান কার্যকর হবে। এক্ষেত্রে আপনার উপর অপিত দায়িত্ব শেষ কর্ম দিবস অর্থাৎ ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার জন্য বলা হলো। পাশাপাশি তসরফকৃত ২,৮১,০০০/- টাকার মধ্যে ইতিমধ্যে ব্যাংকে জমাকৃত ৬০,০০০/- টাকা বাদ দিয়ে অবশিষ্ট ২,২১,০০০/- (দুই লক্ষ একুশ হাজার মাত্র) টাকা এসআইপিপি-২ প্রকল্প-এর অধীন দিনাজপুর জেলার ২নং পাকেরহাট ক্লাস্টারের দক্ষিণ বালাপাড়া নূতন জীবন গরু মোটাজাকরণ সমবায় সমিতি লিমিটেড-এর ব্যাংক হিসাবে জমা করার জন্য বলা হলো, অন্যথায় আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


ড. অমিতাভ সরকার
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, রংপুর।
- ২) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), এসডিএফ, ঢাকা।
- ৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, দিনাজপুর।
- ৪) জেলা কর্মকর্তা (সিপিএসপি), এসডিএফ, গাইবান্ধা।
- ৫) ব্যক্তিগত নথি।
- ৬) অফিস কথি।